Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/ঋণ কার্যক্রম/পরি-৯১১/২০২৬ তারিখ : ২৫/১০/২০২৬ ইং

প্রতি
সকল কর্মকর্তা
আন্ত:নিরীক্ষা বিভাগ
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয়ঃ ম্যানুয়াল ক্যাশবুক/লেজার থেকে অটোমেশন ক্যাশবুক/লেজারে স্থানান্তর এবং নির্ভুলতা যাচাই প্রসঙ্গে।

জনাব
ঋণ কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মাঠপর্যায়ে বর্তমানে ব্যবহৃত ম্যানুয়াল ক্যাশবুক/লেজার থেকে সম্পূর্ণ অটোমেশনভিত্তিক ক্যাশবুক/লেজার ব্যবস্থায় স্থানান্তরের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এ প্রক্রিয়ায় সিস্টেমের নির্ভুলতা নিশ্চিত করার জন্য ম্যানুয়াল ক্যাশবুক/লেজারের তথ্যের সঙ্গে অটোমেশন সিস্টেম থেকে প্রস্তুতকৃত রিপোর্টের তথ্য মিলিয়ে দেখতে হবে। এ লক্ষ্যে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের নিয়মিত নিরীক্ষা কার্যক্রমের পাশাপাশি আগামী **নভেম্বর ০১ থেকে ৩০** তারিখের মধ্যে নিরীক্ষা করা শাখাগুলোর **১০ শতাংশ** ক্যাশবুক/লেজারের ওপর **বিশেষ নিরীক্ষা** সম্পন্ন করতে হবে।

বিশেষ নিরীক্ষায় ম্যানুয়াল ও অটোমেশন রিপোর্টের মধ্যে কোনো অমিল আছে কি না, তা যাচাই করে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের কাছে আগামী **০৬/১২/২০২৬ তারিখের মধ্যে নির্ভুলতার প্রত্যয়নপত্র (সার্টিফিকেট)** জমা দিতে হবে। বিভাগীয় প্রধান পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য **সমন্বিত প্রতিবেদন ১৫/১২/২০২৬** তারিখের মধ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে দাখিল করবেন।

এ বিষয়ে কোনো সহযোগিতা বা ব্যাখ্যার প্রয়োজন হলে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের প্রধান জনাব মোঃ গোলাম মোস্তফা, মহাব্যবস্থাপক (মোবাইল: ০১৩১৩৪৩১০০৭)-এর সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হলো।

ধন্যবাদান্তে

আফরোজা লায়লা
পরিচালক ও প্রধান ঋণ কর্মকর্তা, রিক

সদয় অবগতিঃ নির্বাহী পরিচালক মহোদয়, রিক;

অনুলিপিঃ
১. উপ ও সহকারী পরিচালক (সকল);
২. বিভাগীয় ও সেল প্রধান (সকল);
৩. অফিস কপি।